

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯০

৮. কিতাবুল সৈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ خَالِدٍ أَنَّبَانَا مُحَمَّدًا بْنَ رَافِعٍ حَدَّثَنَا مُصْنَعُ بْنُ الْمِقْدَامِ حَدَّثَنَا  
دَاؤُدُ الطَّائِيُّ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ [ص: 205] قَالَ:  
سَمِعْتُ أَبْنَ مَسْعُودٍ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:  
(لَا حَسَدَ إِلَّا فِي الْثَنَتَيْنِ: رَجُلٌ آتَاهُ اللَّهُ مَا لَا فَسْلَطَهُ عَلَى هَلْكَتِهِ فِي الْحَقِّ وَرَجُلٌ آتَاهُ اللَّهُ  
حَكْمَةً فَهُوَ يَقْضِي بِهَا وَيُعْلَمُ بِهَا)

□□□□

[تعليق الشيخ الألباني]

صحيح - ((الروض)) (897)، ((التعليق الرغيب)) (1/221)، ((صحيح الترغيب والترهيب)) (924).

ال الحديث: 90 : الجزء: 1 : الصفحة: 204

বাংলা

نَكْرُ إِبَا حَاتِهِ الْحَسَدِ لِمَنْ أُتِيَ الْحِكْمَةَ وَعَلِمَهَا النَّاسُ

যাকে গভীর জ্ঞান (প্রজ্ঞা) দান করা হয়েছে এবং তা সে লোকদেরকে শিক্ষা দেয়, সেই ব্যক্তির প্রতি ঈর্ষা পোষণ করা অনুমোদিত (মুবাহ) - এ সম্পর্কিত বর্ণনাঃ

৯০. ক্রায়স বিন হাযিম (রহ.) বলেন, আমি 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রায়ি.)-কে বলতে শুনেছি, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দুই ব্যক্তি ব্যতীত অন্য কারো প্রতি ঈর্ষা করা বৈধ নয়ঃ সে ব্যক্তি, যাকে

আল্লাহ সম্পদ দিয়েছেন, অতঃপর তাকে বৈধ পন্থায় অকাতরে ব্যয় করার ক্ষমতা দিয়েছেন; এবং সে ব্যক্তি, যাকে আল্লাহ তা'আলা প্রজ্ঞা দান করেছেন, অতঃপর সে তার মাধ্যমে বিচার ফায়সালা করে ও তা (অন্যদেরকে) শিক্ষা দেয়।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউতু: সহীহ।

তাখরীজ: হুমাইদী ৯৯; বুখারী, ৭৩, ১৪০৯, ৭১৪১; মুসলিম ৮১৬; আহমাদ ১/৩৫৮, ৪৩২; ইবনু মাজাহ, ৪২০৮; এটি আবু হুরাইরা (রাঃ) হতে আহমাদ ৩/২৭৯; বুখারী ৫০২৬।

ইবনু উমার (রাঃ) হতে এ গ্রন্থে ১২৫, ১২৬ এবং ১৯৩৭।

আবু সাউদ খুদরী (রাঃ) হতে ইবনু আবী শাইবা ১০/৫৫৭; তাহাবী ১/১৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ কায়স ইবন আবু হাযিম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87004>

৫ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন